**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04-09-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কেন্দ্রীয় সরকার, ত্রিপুরা সরকার এবং ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট অব ত্রিপুরা (এনএলএফটি) ও অল ত্রিপুরা টাইগার ফোর্স (এটিটিএফ)-এর মধ্যে এক শান্তি চুক্তি স্বাক্ষরিত ।**

**(২) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, শান্তি চুক্তির মাধ্যমে ত্রিপুরায় ৩২৮ জনের বেশি এনএলএফটি ও এটিটিএফ-এর সদস্য ও সহযোগীরা মূল স্রোতে ফিরে আসবে ।**

**(৩) ত্রয়োদশ বিধানসভার পঞ্চম অধিবেশন আজ থেকে আগরতলায় শুরু হয়েছে।**

**(৪) লংতরাইভ্যালি মহকুমায় আজ থেকে সপ্তাহব্যাপী পিএম-জনমন প্রকল্পের অধীনে শিবির এবং সচেতনতামূলক অভিযান শুরু হয়েছে ।**

************************************************

**Signing of an agreement :**

নয়াদিল্লিতে আজ কেন্দ্রীয় সরকার, ত্রিপুরা সরকার এবং ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট অব ত্রিপুরা (এনএলএফটি) ও অল ত্রিপুরা টাইগার ফোর্স (এটিটিএফ)-এর মধ্যে এক শান্তি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এনএলএফটি ও এটিটিএফ-কে মূল স্রোতে ফিরে

আসার সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে বলেন, আজকের শান্তি চুক্তির ফলে ত্রিপুরা শান্তি ও প্রগতির পথে একধাপ এগিয়ে গেলো।

তিনি বলেন, আজকের এই শান্তি চুক্তি এই উত্তর-পূর্বাঞ্চলের জন্য দ্বাদশ এবং ত্রিপুরার জন্য তৃতীয় শান্তি চুক্তি। এই শান্তি চুক্তিগুলির মাধ্যমে ইতিমধ্যে প্রায় ১০ হাজার উগ্রবাদী অস্ত্র ত্যাগ করে সমাজের মূল স্রোতে ফিরে এসেছে। আজকের এই শান্তি চুক্তির মাধ্যমেও ৩২৮ জনের বেশি এনএলএফটি ও এটিটিএফ-এর সদস্য ও সহযোগীরা মূল স্রোতে ফিরে আসবে। এখন থেকে তারা বিকশিত ত্রিপুরা গঠনের প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, ভারত সরকার উত্তর পূর্বাঞ্চলের জনজাতি গোষ্ঠীর সমাধানে ও এই অঞ্চলের উন্নয়নে ২৫০ কোটি টাকার সংস্থান রেখেছে। তিনি আশা প্রকাশ করেন এই উদ্যোগের ফলে জনজাতি গোষ্ঠীগুলির অভাব, অভিযোগ দূর করা যাবে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এনএলএফটি ও এটিটিএফ-কে অস্ত্র ত্যাগ করে সমাজের মূল স্রোতে ফিরে আসার জন্য অভিনন্দন জানান এবং চুক্তির সমস্ত ধারা সঠিকভাবে বাস্তবায়ন করা হবে বলে আশ্বাস দেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন,

##########Byte##########

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সমগ্র উত্তর পূর্ব ভারতে শান্তির পরিবেশ তৈরি করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

সমাজের মূল স্রোতে ফিরে এসে উন্নয়ন প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য এনএলএফটি এবং এটিটিএফ-এর সিদ্ধান্তে মুখ্যমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন।

এনএলএফটি-এর পক্ষে শান্তি চুক্তিতে স্বাক্ষর করেন বিশ্বমোহন দেববর্মা, উপেন্দ্র রিয়াং, পরিমল দেববর্মা, প্রসেনজিৎ দেববর্মা এবং এটিটিএফ-এর পক্ষে শান্তি চুক্তিতে স্বাক্ষর করেন আলেন্দ্র দেববর্মা। চুক্তি স্বাক্ষরের সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন

সাংসদ বিপ্লব কুমার দেব, এডিসি'র সদস্য প্রদ্যোৎ কিশোর দেববর্মণ, বিধায়ক রঞ্জিত দেববর্মা। তাছাড়া কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন, অতিরিক্ত সচিব পীযূষ গোয়েল, রাজ্যের মুখ্যসচিব জে কে সিনহা সহ কেন্দ্র ও রাজ্য সরকারের উচ্চপদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

**************************

**Assembly-Food :**

খাদ্য দপ্তর রাজ্যে গণবন্টন ব্যবস্থায় চলতি মাস থেকে নতুন পিভিসি রেশন কার্ড প্রদান করার সিদ্ধান্ত নিয়েছে। আজ বিধানসভায় বিধায়ক অশোক চন্দ্র মিত্র এবং সুদীপ সরকারের এক প্রশ্নের উত্তরে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী এই তথ্য জানান। তিনি জানান, এক্ষেত্রে যে সমস্ত পরিবারে রেশন কার্ডে সদস্যদের আধার e-Kyc করা হয়েছে তাদের প্রথম পর্যায়ে পিভিসি রেশন কার্ড প্রদান করা হবে। বাকিদের পরিবারের সমস্ত সদস্যের e-kyc হওয়ার পর নতুন রেশন কার্ড প্রদান করা হবে।

**************************

**Assembly-Kokborok :**

ককবরক ও অন্যান্য সংখ্যালঘু ভাষা দপ্তর রাজ্যের সমস্ত বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের একটি ভাষা ম্যাপিং করার জন্য প্রকল্প গ্রহণ করবে। আজ বিধানসভায় বিধায়ক রামপদ জমাতিয়ার এক প্রশ্নের উত্তরে বিভাগীয় মন্ত্রী টিংকু রায় এ কথা জানান। তিনি জানান, অককবরক ভাষাভাষী সরকারি কর্মচারী এবং সাধারণ মানুষের জন্য শীঘ্রই ককবরক লার্নিং কোর্স চালু করা হবে।

***************************

**Train :**

আগরতলা সাব্‌রুম এর মধ্যে ডেমো ট্রেন সার্ভিস আজও বন্ধ রয়েছে। এই রুটে সমস্ত ট্রেন আজ ও আগামীকালের জন্য বাতিল করা হয়েছে। তাছাড়া কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস আগামীকাল সাব্‌রুমের পরিবর্তে আগরতলা থেকে শিয়ালদহের উদ্দেশ্যে রওনা হবে। এন এফ রেলওয়ে সূত্রে আজ এখবর জানা গেছে।

****************************

**PM-Singapore :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সিঙ্গাপুর পৌঁছেছেন। সেদেশের প্রধানমন্ত্রী লরেন্স উয়ং-এর আমন্ত্রণে তাঁর এই সিঙ্গাপুর সফর। উভয় নেতা ভারত–সিঙ্গাপুর কৌশলগত অংশীদারিত্বের অগ্রগতি পর্যালোচনার পাশাপাশি দ্বিপাক্ষিক স্বার্থ সংশ্লিষ্ট আঞ্চলিক ও বৈষয়িক বিষয়গুলি নিয়েও মত বিনিময় করবেন। উল্লেখ্য, প্রধানমন্ত্রী প্রায় ৬ বছর পর সিঙ্গাপুর গেলেন। সিঙ্গাপুরের সঙ্গে ভারতের বিরাট প্রতিরক্ষা সহযোগিতা রয়েছে। একই সঙ্গে বাণিজ্য এবং বিনিয়োগের উন্নতি ঘটছে। আশিয়ান দেশগুলির মধ্যে সিঙ্গাপুর হল ভারতের বৃহত্তম বাণিজ্য অংশীদার এবং প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগের ক্ষেত্রে সিঙ্গাপুর শীর্ষে রয়েছে। আজ সিঙ্গাপুরে পৌঁছনোর পর ঢোল ও করতালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে অভ্যর্থনা জানান প্রবাসী ভারতীয়রা।

*************************

**Teachers Day :**

সারা দেশের সাথে রাজ্যেও আগামীকাল যথাযোগ্য মর্যাদায় ৬৩তম শিক্ষক দিবস পালন করা হবে। বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে শিক্ষক দিবসের মূল অনুষ্ঠানটি হবে আগরতলা টাউন হলে। আগামীকাল দুপুর ১২টায় অনুষ্ঠানের উদ্বোধন করবেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা। এবছর মোট ৩৪ জন শিক্ষক শিক্ষিকাদের শিক্ষক সন্মাননা পুরস্কার প্রদান করা হবে। এ বছর ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর সন্মান পাচ্ছেন বিশিষ্ট শিক্ষাবিদ ডঃ হরেকৃষ্ণ

আচার্য, মহারানী তুলসীবতী সন্মান পাচ্ছেন বিশিষ্ট সমাজসেবী দীপক ভট্টাচার্য ও শ্যামাপ্রসাদ মুখার্জী সন্মান পাচ্ছেন বন্দনা চৌধুরী বর্মন। তাছাড়া আগামীকাল বিভিন্ন বিদ্যালয়েও শিক্ষক দিবস উদযাপন করা হবে।

*****************************

**Assembly :**

ত্রয়োদশ বিধানসভার পঞ্চম অধিবেশন আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। তিনদিনব্যাপী এই অধিবেশন চলবে আগামী ৬ই সেপ্টেম্বর পর্যন্ত। আজ অধিবেশনের প্রথম বেলায় রাজ্যে সাম্প্রতিক ভয়াবহ বন্যা ও কেরলে বন্যা ভূমি ধ্বসে নিহতদের প্রতি শোক জ্ঞাপন করা হয়। বিধায়ক সুদীপ রায় বর্মন রাজ্যে সাম্প্রতিক ভয়াবহ বন্যা ও বন্যা পরবর্তী পরিস্থিতি নিয়ে আলোচনার জন্য প্রস্তাব রাখেন। অধিবেশনের দ্বিতীয়ার্ধে এই প্রস্তাবের উপর আলোচনা শুরু হয়। বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, বিধায়ক সুদীপ রায় বর্মণ, ট্রেজারী ও বিরোধী বেঞ্চের অন্যান্য সদস্যরা বন্যাত্রাণ ও আগামী দিনে বন্যা পরিস্থিতি মোকাবেলার জন্য কি কি সতর্কতা অবলম্বন করা উচিত এ বিষয়ে গঠনমূলক বক্তব্য রাখেন।

****************************

**Assembly-Jitendra Chowdhury :**

বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী রাজ্যে বন্যাদুর্গত পরিবারগুলিকে সহায়তা ও সার্বিকভাবে রাজ্যের অর্থনীতিকে পুনরায় উজ্জীবিত করার লক্ষ্যে আজ বিধানসভায় এক গুচ্ছ প্রস্তাব রেখেছেন। উল্লেখযোগ্য প্রস্তাবগুলি হল রাজ্যে সাম্প্রতিক ভয়াবহ বন্যা পরিস্থিতিকে 'জাতীয় বিপর্যয়' ঘোষনা করা, বন্যা ও ভূমিধ্বসে মৃত ব্যক্তিদের পরিবারে মাথাপিছু ৫০ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ এবং একটি সরকারী চাকুরী প্রদান অথবা স্থায়ী আয়ের ব্যবস্থা করা, মহকুমা বা ব্লক ভিত্তিক বিভিন্ন দপ্তরের আধিকারিকদের

সমন্বয়ে Task Force গঠন, যেসমস্ত পরিবারের ঘরবাড়ি সম্পূর্ণ বা আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের সবাইকে প্রধানমন্ত্রী আবাস যোজনা প্রকল্পে একটি নতুন ঘর প্রদান করা। বিরোধী দলনেতা শ্রী চৌধুরীর অন্যান্য উল্লেখযোগ্য প্রস্তাবগুলির মধ্যে রয়েছে সমস্ত প্রকার কৃষি, কৃষি ও সম্পর্কিত এবং রাবার চাষের জন্য ব্যাঙ্ক ও অন্যান্য সংস্থা থেকে যে ঋণ গ্রহণ করা হয়েছে তা মকুব ঘোষনা করা। চলতি অর্থবছরে রেগায় প্রতিটি পরিবারকে ২০০ দিনের শ্রমদিবস এবং ৬০০ টাকা হারে মজুরীর ব্যবস্থা করা।

*******************************

**President-Udgir :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু মেয়েদের প্রগতিতে জোর দেওয়ার আহ্বান জানিয়েছেন। তিনি উদগীরে মহারাষ্ট্র সরকারের 'শাসন আপল্যা দারি' এবং 'মুখ্যমন্ত্রী মাঝি লেড়কি বেহন যোজনা'-এর সুবিধাভোগীদের এক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে এই আহ্বান জানান। রাষ্ট্রপতি বলেন, দেশ ও সমাজের উজ্জ্বল ভবিষ্যতের জন্য তরুণ-তরুণীদের প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি দক্ষতা ও আত্মবিশ্বাস বাড়াতে হবে।

*******************************

**Vishwashanti Buddha-President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ উদগীর লাতুর জেলায় বিশ্বশান্তি বুদ্ধ বিহার উদ্বোধন করে দেশবাসীর উদ্দেশ্যে উৎসর্গ করেন। তিনি বিশ্বশান্তি বুদ্ধ বিহারের অভ্যন্তরে গৌতম বুদ্ধের একটি মূর্তিও প্রতিষ্ঠা করেন। উদগীরে নতুন উদ্বোধন করা বুদ্ধ বিহারটি কর্ণাটকের কালবুর্গির বুদ্ধ বিহারের প্রতিরূপ। এটি ১৫-হেক্টর জমিতে অবস্থিত এবং এখানে একটি ধ্যান কেন্দ্র রয়েছে, সেখানে একসঙ্গে ১,২০০ জন ধ্যান চর্চা করতে পারবেন।

*******************************

**PM Janman :**

বিশেষভাবে দুর্বল জনজাতি গোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নের জন্য  লংতরাই ভ্যালি মহকুমায় আজ থেকে সপ্তাহব্যাপী পিএম-জনমন প্রকল্পের অধীনে শিবির এবং সচেতনতামূলক অভিযান শুরু হয়েছে। তা চলবে আগামী ১১ই সেপ্টেম্বর পর্যন্ত। মনু এবং ছামনু ব্লকে বসবাসকারী রিয়াং জনগোষ্ঠীর উন্নয়নে এই অভিযানে গুরুত্ব আরোপ করা হচ্ছে। সপ্তাহব্যাপী এই অভিযানে থাকবে, পিছিয়ে পড়া রিয়াং জনগোষ্ঠীর লোকজনদের জন্য ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা, প্রধানমন্ত্রী কিষাণ নিবন্ধন, কিষাণ ক্রেডিট কার্ড অ্যাপ্লিকেশন, প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় গ্যাস সংযোগ, পিআরটিসি, এসটি শংসাপত্র, আয়ের শংসাপত্র, বিবাহের শংসাপত্র এবং রেশন কার্ড প্রদান করা।

***************************

**PM JANMAN-Unakoti :**

প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসীর ন্যায় মহা অভিযান বা P.M - JANMAN বিষয়ে "বিশেষ প্রচারাভিযান" চলছে ঊনকোটি জেলার ৫৩টি রিয়াং (Bru) অধ্যুষিত এলাকায়। পাশাপাশি চলছে বিশেষ শিবির। আজ জেলার কুমারঘাট ব্লকের অন্তর্গত দেওভ্যালি A.D.C ভিলেজের সরকিপাড়া J/B স্কুল প্রাঙ্গণে শিবির অনুষ্ঠিত হয়। এখানে ছিল, আধার ও আয়ুষ্মান কার্ডের জন্য নথীভুক্তিকরণ, P.R.T.C ও S/T কার্ড প্রদান, স্বাস্থ্য পরীক্ষা ও বিনামূল্যে ঔষধপত্র বিতরণ সহ বহুবিধ সুবিধা-সুযোগ এদিকে ঊনকোটি জেলা প্রশাসনের কল্যাণ আধিকারিক ডেভিড এল হালাম জানান, পি,এম-জনমন যোজনায় বিশেষ শিবির করে ব্রু(Reang) নাগরিকদের সুবিধা সুযোগ পৌঁছে দেওয়া হচ্ছে। আগামী দশ-ই সেপ্টেম্বর পর্যন্ত জেলায় বিশেষ শিবির করার উদ্দোগ নেওয়া হয়েছে। উল্লেখ্য যে, ঊনকোটি জেলাতে ২৬৩৩ পরিবারের ১১,৯৯৯ জন রিয়াং জনজাতির বাস।

*******************************

**SM Cup :**

অনূর্ধ্ব ১৭ বছরের সুব্রত মুখার্জি কাপ বালকদের ফুটবলে জয় পেলো ত্রিপুরা স্পোর্টস স্কুল। দিল্লির তেজশ গ্রাউন্ডে অনুষ্ঠিত ম্যাচে আজ ৩-০ গোলে পরাজিত করে জম্মু কাশ্মীরকে। এর আগে প্রথম ম্যাচে স্বাগতিক দিল্লির সাথে গোলশূন্য ড্র করে। পরে মহারাষ্ট্রের কাছে ১-০ গোলে পরাজিত হয়।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের ঊনকোটি এবং উত্তর জেলার দু এক জায়গায় ভারী বর্ষণের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুই এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ দশমিক সাত ডিগ্রি সেলসিয়াস।

******************************